দৈনিক সংবাদ

তারিখ ... JUN. 1 3 1999

পৃষ্ঠা ৭ কলাম ৩

54

'কেন বহিষ্কার করা হবে না'

# বুয়েটের ৩০ ছাত্রকে কারণ দর্শাও

॥ কৈলাস সরকার ॥

বুয়েটে ভাঙচুর ঘটনার জন্য কর্তৃপক্ষ "কেন বহিষ্কার করা হবে না" এ মর্মে ৩০ জন ছাত্রকে কারণ দর্শাও নোটিশ দিয়েছেন। ইউকসুর ভিপি-জিএসসহ সকল সদস্য, বিভিন্ন হলের ভিপি-জিএস এবং ছাত্রলীগ ও ছাত্রদলের সভাপতি-সাধারণ সম্পাদকসহ অন্য নেতৃবৃন্দ এ তালিকায় রয়েছেন।

গত ৮ই জুন থেকে বিভিন্ন ছাত্রের নামে ডাকযোগে এ নোটিশ পাঠানো শুরু হয়েছে। কারণ দর্শানোর শেষ তারিখ হচ্ছে আগামী ১৪, ১৫, ১৬ এবং ১৯শে জুন। এ তারিখের মধ্যে বোর্ড অফ ডিসিপ্লিন এন্ড রেসিডেন্সের সামনে হাজির হয়ে কারণ দর্শাতে হবে।

নোটিশে উল্লেখ করা হয়েছে, নির্ধারিত সময়ে উপস্থিত থেকে কোন ছাত্র যদি আত্মপক্ষ সমর্থনের জন্য উপযুক্ত কারণ না দেখাতে পারে তাহলে তাকে বহিষ্কার করা হবে। এছাড়া কেউ যদি নির্ধারিত সময়ে হাজির না হয় তাহলে কর্তৃপক্ষ একতরফাভাবেই তাকে বহিষ্কার করবেন।

গত ২৮শে এপ্রিল গঠিত তদন্ত কমিটির রিপোর্ট পেশ করার পর ৩০ জনকে ভাঙচুর ঘটনার জন্য চিহ্নিত করা হয়। তদন্ত কমিটি ছাত্র, শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীসহ দেড় শতাধিক ব্যক্তির সাথে কথা বলে রিপোর্ট তৈরি করে বলে কমিটি সূত্রে জানা

বুয়েট ঃ পৃঃ ৭ কঃ ৩

## বুয়েট ঃ কারণ দর্শাও

( ১ম পৃষ্ঠার পর )

গেছে।

ইউকসুর ভিপি-জিএসসহ ছাত্র নেতৃবৃন্দের মধ্যে ছাত্রদলের বুয়েট শাখার সভাপতি, ছাত্রলীগের সাবেক আহ্বায়ক দীপন করসহ বেশ কয়েকজনকে নোটিশ পাঠানো হয়েছে।

নোটিশে কারো কারো নামে ৩টি থেকে ৫টি অভিযোগ আনা হয়েছে।

নোটিশপ্রাপ্ত ইউকসুর জি এস মোহসিউল আদনান 'সংবাদ'কে জানান, তিনি এ ঘটনার সঙ্গে জড়িত ছিলেন না। তারপরও কেন তাকে নোটিশ দেয়া হলো তা স্পষ্ট নয়। তিনি নোটিশ পাঠানোকে অযৌক্তিক আখ্যায়িত করেন এবং একই সাথে তদন্ত কমিটির নিরপেক্ষতা নিয়ে প্রশ্ন তোলেন।

তিনি বলেন, যেহেতু তাকে ডাকা হয়েছে তিনি তাই দেখা করতে যাবেন। এরপর অবস্থা বুঝে ব্যবস্থা নেবেন বলে তিনি জানান।

একই কথা জানিয়েছেন বুয়েট শাখা ছাত্রলীগের সাবেক আহ্বায়ক দীপন কর।

৩০ জন ছাত্রকে কারণ দর্শাও নোটিশ দেয়ার খবর ছড়িয়ে পড়ায় সাধারণ ছাত্র ও নেতৃবৃন্দের মধ্যে ক্ষোভের সৃষ্টি হয়েছে।